**AKASHVANI(AIR)**
**RNU:KOLKATA**
**BengaliText Bulletin**

**Date 04-01-2026** **Time: 7.35 A.M.**

## বিশেষ বিশেষ খবর –

১) দক্ষিণ ২৪ পরগনার মগরাহাটে বিশেষ রোল অবজার্ভার, সি মুরুগানকে বিক্ষোভ দেখানো এবং গাড়ি ভাঙচুরের ঘটনায় রাজ্যপুলিশের ডিজিকে আগামী মঙ্গলবার বিকেল পাঁচটার মধ্যে পূর্ণাঙ্গ রিপোর্ট জমা দেওয়ার নির্দশ দিয়েছে নির্বাচন কমিশন।

২) আগামীকাল থেকে রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতির সাপ্তাহিক রিপোর্ট পাঠানোর জন্য জেলাশাসকদের নির্দেশ।

৩) সিএজি রিপোর্ট প্রকাশ্যে এনে ২০১৭ সালে মালদা জেলায় বন্যায় ত্রাণ বন্টনে রাজ্য সরকারের বিরুদ্ধে ব্যাপক দুর্নীতির অভিযোগ তুলেছে বিজেপি।

৪) তৃণমূল কংগ্রেসের রাজ্যসভার সাংসদ মৌসম বেনজির নূর তার পুরনো দল কংগ্রেসে ফিরে গেছেন।

৫) রাজ্যের সামগ্রিক পরিস্থিতি নিয়ে রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস একটি রিপোর্ট কার্ড তৈরি করেছেন।

৬) পশ্চিমী ঝঞ্ঝার প্রভাবে দক্ষিণবঙ্গের জেলাগুলিতে সর্বনিম্ন তাপমাত্রা আরও কিছুটা বেড়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রোল অবজারভার সি মুরুগানের পরিদর্শনের সময় দক্ষিণ ২৪ পরগণার মগরাহাটে বিক্ষোভ ও কাজে বাধাদানের ঘটনায় রাজ্য পুলিশের DG-র কাছে বিস্তারিত রিপোর্ট তলব

করেছে নির্বাচন কমিশন। কমিশনের তরফে রাজ্য পুলিশের মহানির্দেশক রাজীব কুমারকে আগামী মঙ্গলবার ছয়ই জানুয়ারি বিকেল পাঁচটার মধ্যে ঘটনার পূর্ণাঙ্গ রিপোর্ট জমা দিতে নির্দেশ দেওয়া হয়েছে। পুলিশকে রোল অবজার্ভারের সফরের বিষয়ে আগাম জানানো সত্ত্বেও কেন তিনি পর্যাপ্ত নিরাপত্তা পেলেন না, সেই প্রশ্নেরও স্পষ্ট জবাব চাওয়া হয়েছে। কমিশনের পর্যবেক্ষণে উঠে এসেছে, সংবেদনশীল এলাকা হিসেবে চিহ্নিত জায়গা দিয়ে রোল অবজারভারকে যেতে হলেও সেখানে পর্যাপ্ত পুলিশি ব্যবস্থা রাখা হয়নি। কেন এই ধরনের এলাকায় যথাযথ নিরাপত্তা পরিকল্পনা করা হয়নি, তা নিয়েও রিপোর্টে বিস্তারিত ব্যাখ্যা দিতে বলা হয়েছে।

একই সঙ্গে ভবিষ্যতের জন্য কড়া নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন। যে সব সংবেদনশীল এলাকায় রোল অবজারভার বা বিশেষ রোল অবজারভাররা পরিদর্শনে যাবেন, সেখানে অবশ্যই পর্যাপ্ত পুলিশি নিরাপত্তা রাখার নির্দেশ দেওয়া হয়েছে। সেই নিরাপত্তার দায়িত্বে থাকতে হবে একজন সিনিয়র পুলিশ আধিকারিককে।

ooooooooooooooooooooooo

নির্বাচন কমিশন আগামীকাল থেকে রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতির সাপ্তাহিক রিপোর্ট নেবে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর থেকে গতকাল এই মর্মে সমস্ত জেলা শাসকের কাছে নির্দেশ পাঠানো হয়েছে। নির্দেশ অনুযায়ী, আগামীকাল পাঁচই জানুয়ারি থেকে প্রতি সপ্তাহে জেলা শাসকেরা আইনশৃঙ্খলা সংক্রান্ত বিস্তারিত রিপোর্ট মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে পাঠাবেন। সেখান থেকে সেই রিপোর্ট পাঠানো হবে নির্বাচন কমিশন এর কাছে। রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতির অঙ্গ হিসাবেই এই রিপোর্ট তলব বলে কমিশন সূত্রে জানা গেছে। শুধু তাই নয়, ভোটের আগে নজরদারি আরও শক্ত করতে ইতিমধ্যেই পঁচিশটি নোডাল এজেন্সি নিয়োগ করা হয়েছে। আগামী সোমবার থেকেই তারা কাজ শুরু করবে। প্রতিটি জেলায় জেলা শাসকের নেতৃত্বে আলাদা কমিটি গঠন করা হয়েছে, যারা এই নোডাল এজেন্সিগুলির সঙ্গে সমন্বয় রেখে কাজ

করবে। আইনশৃঙ্খলা, প্রশাসনিক প্রস্তুতি ও নির্বাচন সংক্রান্ত বিভিন্ন বিষয় খতিয়ে দেখাই এই কমিটির দায়িত্ব।

oooooooooooooooooooooo

২০১৭ সালে মালদায় বন্যায় ক্ষতিগ্রস্তদের গৃহনির্মাণের সরকারি অর্থ বণ্টনে বিপুল অনিয়মের অভিযোগ তুলে কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেল- ক্যাগের কলকাতা হাইকোর্টে জমা করা রিপোর্টকে কেন্দ্র করে তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে। উচ্চ আদালতে দায়ের হওয়া এক জনস্বার্থ মামলার প্রেক্ষিতে পেশ করা ছয়শো আটাত্তর পাতার ওই প্রতিবেদনে দাবি করা হয়েছে, বন্যায় ক্ষতিগ্রস্থ বাড়ি পূণনির্মানের খাতে সাঁইত্রিশ কোটি টাকার বেশি অর্থ বণ্টনে গুরুতর দুর্নীতি হয়েছে। রিপোর্টে উল্লেখ, মোট অনিয়মের অঙ্ক পঞ্চাশ কোটি টাকার কাছাকাছি। এই রিপোর্ট সামনে আসতেই রাজনৈতিক বিতর্ক তীব্র হয়েছে। বিজেপির এরাজ্যের দায়িত্বপ্রাপ্ত নেতা অমিত মালভিয় অভিযোগ করেন, অস্তিত্বহীন বা ক্ষতিগ্রস্ত নয় এমন পাকা বাড়ির নামেও সরকারি টাকা তোলা হয়েছে। গরিব মানুষের জন্য বরাদ্দ ত্রাণের অর্থ পরিকল্পিতভাবে লুট করা হয়েছে, আর প্রকৃত ক্ষতিগ্রস্তরা বঞ্চিত হয়েছেন।

এদিকে গত সন্ধ্যায় এক সাংবাদিক সম্মেলনে রাজ্য বিজেপি মুখপাত্র দেবজিত সরকার অভিযোগ করেন, একই ব্যাঙ্ক অ্যাকাউন্টে একাধিকবার অর্থ পাঠানো হয়েছে, কোনও কোনও ক্ষেত্রে একটি অ্যাকাউন্টে চল্লিশেরও বেশি বার টাকা জমা পড়েছে।

(বাইট – দেবজিত)

oooooooooooooooooooooo

চা বাগান গুলি কিনে নিয়ে, রাজ্য সরকার প্রমোটিং এর কাজে ব্যবহার করছে, অথচ চা শ্রমিকরা কাজ হারিয়ে শেষ হয়ে যাচ্ছে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ

করেছেন। উত্তর চব্বিশ পরগনার ভাটপাড়ায় গত সন্ধ্যায় এক জনসভার শেষে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে শুভেন্দু বাবু এই অভিযোগ করেন। এর আগে এক জনসভায় ভাষণে তিনি বলেন, আসন্ন বিধানসভা নির্বাচনে রাজ্যের বিজেপি জয়লাভ করবে।

৩৪ বছরের বাম শাসন এবং ১৫ বছরের তৃণমূলের শাসনে রাজ্য অনেক পিছিয়ে গেছে বলেও অভিযোগ করেন তিনি।

oooooooooooooooooooooo

তৃণমূল কংগ্রেসের রাজ্যসভার সাংসদ মৌসম বেনাজির নূর তাঁর পুরনো দল কংগ্রেসে ফিরেছেন। নতুন দিল্লিতে গতকাল কংগ্রেসের সদর দপ্তরে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে তাঁর হাতে দলের সদস্যপদ তুলে দেন কংগ্রেসের সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক জয়রাম রমেশ। উপস্থিত ছিলেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার। এ রাজ্যের পর্যবেক্ষক গুলাম মহম্মদ মীর। মালদায় প্রয়াত কংগ্রেস নেতা ABA গণি খান চৌধুরীর ঐতিহ্যকে আরও মজবুত করতে তাঁর কংগ্রেসে ফেলা বলে মৌসম বেনজির নূর জানিয়েছেন। শীঘ্রই তিনি রাজ্যসভার সাংসদ হিসেবে পদত্যাগ করবেন বলে জানিয়েছেন।

oooooooooooooooooooooo

বিধানসভা নির্বাচনের প্রস্তুতির মধ্যে ঝাড়গ্রামে তৃণমূল কংগ্রেস ও সিপিআইএম ছেড়ে বেশ কয়েকটি পরিবার গতকাল বিজেপি-তে যোগ দিয়েছে। জেলা বিজেপি কার্যালয়ে আয়োজিত যোগদান অনুষ্ঠানে তাদের হাতে দলীয় পতাকা তুলে দেওয়া হয়। এদের মধ্যে বেশ কয়েকজন ঝাড়গ্রাম বিধানসভার অন্তর্গত বৈতা অঞ্চলের নেতা-কর্মী।

oooooooooooooooooooooo

রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস রাজ্যের সামগ্রিক পরিস্থিতি নিয়ে একটি রিপোর্ট কার্ড তৈরি করেছেন। লোকভবন সূত্রে জানা গেছে, শান্তি, সুদ্ধি, সমৃদ্ধি, বিকশিত বাংলার

রূপরেখা শীর্ষক এই রিপোর্ট কার্ড তিনি রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মূর হাতে তুলে দিয়েছেন। রিপোর্টে পশ্চিমবঙ্গের বিভিন্ন প্রান্ত ঘুরে মানুষের আশা-আকাঙ্খার সরেজমিনে উপলব্ধি করে এই রিপোর্ট তৈরি হয়েছে বলে রাজ্যপাল জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

২০২৫ সালের মধ্যে ভারত সম্পর্কে সারা বিশ্বের চিন্তাভাবনা পরিবর্তিত হয়েছে। নির্ণায়ক শক্তি হিসেবে উঠে এসেছে ভারত। একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – কাশফিন)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

গঙ্গাসাগর মেলার প্রস্তুতি খতিয়ে দেখতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আগামীকাল সাগর যাচ্ছেন। গঙ্গাসাগর সেতুর শিলান্যাস সহ একাধিক উন্নয়ন প্রকল্পের উদ্বোধন করবেন বলে জানা গেছে। প্রশাসন সূত্রের খবর আগামীকাল দুপুরে হেলিকপ্টারে গঙ্গাসাগর পৌঁছে কপিলমুণি মন্দিরে পুজো দেবেন তিনি। রাত্রিবাস করবেন কারিগরী দফতরের ভবনে। মুখ্যমন্ত্রীর সফরকে কেন্দ্র করে ব্যাপক নিরাপত্তার ব্যবস্থা করেছে প্রশাসন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় বন্দর, জাহাজ চলাচল ও জলপথ প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর গতকাল নদীয়ার কল্যাণীতে আইকপ কর্মসূচির অঙ্গ হিসেবে ‘বন্দে মাতরমের ১৫০ বছর’ শীর্ষক সিবিসি-র প্রদর্শনীর উদ্বোধন করেছেন। উদ্বোধনী অনুষ্ঠানে কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রকের পূর্বাঞ্চলীয় অঞ্চলের পিআইবি ও সিবিসির মহানির্দেশক টি ভি কে রেড্ডি উপস্থিত ছিলেন। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ‘বন্দে মাতরমের ১৫০ বছর’ উপলক্ষে প্রদর্শনী আয়োজনের জন্য সিবিসির উদ্যোগের প্রশংসা করেন। তিনি বলেন, এই ধরনের উদ্যোগ সাধারণ মানুষের কাছে বিষয়টি তুলে ধরতে সহায়ক ভূমিকা পালন করে। আইকপ কর্মসূচির আওতায় ‘বন্দে মাতরমের ১৫০ বছর’, ভিবি–জি রাম জি আইন এর সুবিধা, শ্রম

সংস্কার, সাইবার অপরাধ, মিশন লাইফ এবং নারী ও শিশু স্বাস্থ্যর মতো বিষয়ে বিভিন্ন বিষয়ে সেমিনার ও প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। এই কর্মসূচি আগামী ৬ই জানুয়ারি, ২০২৬ তারিখে সমাপ্ত হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিমী ঝঞ্ঝার প্রভাবে শীতল হাওয়া বাধাপ্রাপ্ত হওয়ায় দক্ষিণবঙ্গের জেলাগুলিতে তাপমাত্রার পারদ আজ আরও কিছুটা উর্ধ্বমুখী। কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৫ দশমিক ২ ডিগ্রী সেলসিয়াস যা স্বাভাবিকের চেয়ে ১ ডিগ্রী বেশি। উত্তরবঙ্গের জেলাগুলিতে আগামী ২৪ ঘন্টায় তাপমাত্রা পরিবর্তনের তেমন কোনো সম্ভাবনা নেই বলে আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ অন্বেষা ভট্টাচার্য্য জানিয়েছেন।

(বাইট – অন্বেষা)

দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার, দুই দিনাজপুর এবং মালদায় ঘন কুয়াশার পূর্বাভাস রয়েছে। দার্জিলিং-এ আজও হাল্কা বৃষ্টি ও তুষারপাতেরও সম্ভাবনা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০